



চট্টগ্রামে অস্ত্রসহ স্বেচ্ছাসেবক লীগ নেতা রবিন আটক



সংগৃহীত ছবি

চট্টগ্রাম নগরীর চকবাজার থেকে পুলিশের বিশেষ অভিযানে শাখাওয়াত হোসেন রবিন (৩১) নামে স্বেচ্ছাসেবক লীগ নেতাকে আটক করা হয়েছে। অভিযানের সময় তার কাছ থেকে অস্ত্রও জব্দ করা হয়। জানা যায় শেখ হাসিনার রায়কে কেন্দ্র করে সম্ভাব্য অরাজকতা তৈরির পরিকল্পনার সময় তাকে গ্রেপ্তার করা হয়েছে। আজ রবিবার (১৬ নভেম্বর) রাতের পর চট্টগ্রামের চকবাজার এলাকা থেকে শাখাওয়াত হোসেন রবিনকে গ্রেপ্তার করেছে পুলিশ। অভিযানের সময় তার কাছ থেকে অস্ত্রও উদ্ধার করা হয়েছে।

পুলিশ সূত্রে জানা গেছে, রবিন ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ সরকারের সময় চকবাজার, চন্দনপুরসহ আশেপাশের এলাকায় কিশোর গ্যাং গড়ে চাঁদাবাজিসহ বিভিন্ন অবৈধ কর্মকাণ্ডে জড়িত ছিল। এছাড়া শেখ হাসিনার রায়কে কেন্দ্র করে অরাজকতা সৃষ্টির পরিকল্পনার সময় তাকে আটক করা হয়। চকবাজার থানার ডিউটি অফিসার এসআই মুর্শিদা বলেন, “রাতের অভিযান সফলভাবে সম্পন্ন হয়েছে। রবিনকে থানা থেকে আদালতে পাঠানো হবে।”